

# রঁয়েটের ক্লাস রুমগুলোকে গ্রিন ও স্মার্ট করা হবে

প্রতিনিধি, রাজশাহী

: সোমবার, ৩০ অক্টোবর ২০২৩

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (রঁয়েট) বিল্ডিং ইঞ্জিনিয়ারিং এন্ড কম্প্যুট্রাকশন ম্যানেজমেন্ট (বিইসিএম) বিভাগকে আর্কিটেকচার ভবনে স্থানান্তর উদ্বোধন করা হয়েছে। গত রোববার বিকেলে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ফিতা কেটে ওই বিভাগের স্থানান্তর উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. মো. জাহাঙ্গীর আলম। এর আগে তিনি বলেন রঁয়েটের ক্লাস রুমগুলোকে গ্রিন ও স্মার্ট করে গড়ে তোলা হবে। এছাড়া বিইসিএম বিভাগে জরুরিভাবে ল্যাব স্থাপনের কথাও বলেন তিনি। বিইসিএম বিভাগের প্রধান অধ্যাপক ড. মো. রবিউল আওয়ালের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তৃব্য দেন পুরকৌশল অনুষদের ডীন অধ্যাপক ড. মো. নিয়ামুল বারী। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন প্রধান প্রকৌশলী মো. শাহদাং হোসেন। অনুষ্ঠানে ভারপ্রাপ্ত রেজিস্ট্রার আরিফ আহমদ চৌধুরী সহ বিভিন্ন বিভাগের প্রধান, দপ্তর ও শাখা প্রধান এবং শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। উল্লেখ্য, বিইসিএম বিভাগটি এতেদিন পুরকৌশল বিভাগের ট্রান্সপোর্টেশন ল্যাবের দ্বিতীয় তলায় একাডেমিক কার্যক্রম পরিচালনা করে আসছিল।